

পঞ্জি । 15 MAY 1994
পঞ্জি । ৯ কলা । ৩

ছাত্র সংখ্যা বিগুণ বৃদ্ধি : কুল বাড়েনি

নিচৰ সংবাদদাতা : শালমনিরহাট । ১৪ মে। - উত্তরাখণ্ডের ১৬টি জেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তির চাপ বাড়লেও বিদ্যালয়ের সংখ্যা বাড়েনি। গত ২১ বছরে এই অঙ্কে সরকারী প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়েছে মাত্র ২ শ' ৪৮টি। এই সময়ে এলাকার জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে প্রায় দিগ্নে। শিশু মৃত্যুর হার কমেছে। পাশাপাশি হেলেমেডের লেখাপড়ার প্রতি অভিভাবকদের আগ্রহ বেড়েছে। ফলে গত ২১ বছরে বিদ্যালয় গমন উপযোগী শিল্পের সংখ্যা ও বেড়ে বিগুণের বেশী হয়েছে।

১৯৭৩ সালে রাজশাহী বিভাগের ১৬টি জেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ছিল ১ হাজার ১৪টি। এই দীর্ঘ সময়ে বিদ্যালয়ের সংখ্যা মাত্র ২শ' ৪৮টি বেড়ে বর্তমান সংখ্যা দৌড়িয়েছে ৯ হাজার ২শ' ৬২টিতে। অর্ধেৎ গত ২১ বছরে বিদ্যালয় গমন উপযোগী শিল্পের সংখ্যা শতকরা একশ' ভাগ বাড়লেও বিদ্যালয়ের সংখ্যা বেড়েছে মাত্র শতকরা ৩ ভাগ। সামগ্রিক অবস্থা বিপ্লবেণ দেখা গেছে, উত্তরাখণ্ডে বেশীরভাগ শিশুই হয় অবহেলিত বেসরকারী বিদ্যালয়ে যাচ্ছে অথবা বিদ্যালয়ে যাওয়ার সুযোগ থেকে সম্পূর্ণ বক্ষিত হচ্ছে।

১৬টি জেলা শিক্ষা কর্মকর্তা পদের মধ্যে বর্তমানে ১৫টি পদ শূন্য। এছাড়া ৮টি প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সব ক'চিই শূন্য। একইভাবে একশ' ২৪টি ধানা শিক্ষা কর্মকর্তা পদের মধ্যে বর্তমানে ৩৫টি পদ খালি। সহকারী ধানা শিক্ষা কর্মকর্তার পদ শূন্য রয়েছে ৯০টি। কর্মচারীর পদ প্রায়শ' রয়েছে বেশ কিছু সংখ্যক।